

কোন জায়গায় আমি তথ্য পেতে পারি?

রয়্যাল সাসেক্স কাউন্টি হসপিটাল	01273 696955
NHS ডাইরেক্ট	111
NHS চয়েসেজ	www.nhs.uk
নিউরো/ট্রমা লিগ্যাল এডভাইস সার্ভিস	কর্মসংস্থানের বিষয়, লাভসমূহ, ক্ষতিপূরণের জন্য বীমা কোম্পানির সাথে চুক্তি, পাওয়ার অফ অ্যাটর্নি প্রভৃতি বিষয়ে পরামর্শের জন্য এবং অ্যাপয়েন্টম্যান্ট পাওয়ার জন্য নিয়োগের জন্য দয়া করে Jo বা Michelle অথবা ট্রমা দলের যেকোন সদস্যের সাথে যোগাযোগ করুন। ক্লিনিক বৃহস্পতিবার বিকেলে চালু থাকে।
হেডওয়ে	প্রয়োজনীয় বুকলেট, ফ্যাঙ্কশীট, মাথায় আঘাত সংক্রান্ত তথ্য এবং স্থানীয় হেডওয়ে গ্রুপগুলোর বিস্তারিত তথ্য তৈরি করা। ওয়েবসাইট: www.headway.org.uk অন্য বৃহস্পতিবারগুলোতে Level 8a West-এ তাদের একটি ড্রপ ইন ক্লিনিক থাকে।
ব্রেইন অ্যান্ড স্পাইন ফাউন্ডেশন	প্রস্তুতকৃত ফ্যাঙ্কশীট এবং বুকলেটগুলো তাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। ওয়েবসাইট: www.brainandspine.org.uk হেল্পলাইন: 0808 808 1000
রিলেইট	রিলেইট পরামর্শ, রিলেশনশিপ কাউন্সেলিং, সেক্স থেরাপি, ওয়ার্কশপ, মেডিটেশন, কনসাল্টিং এবং সহায়তা সম্পর্কিত বিষয় অফার করে। ওয়েবসাইট: www.relate.org.uk

© Brighton and Sussex University Hospitals NHS Trust

সতর্কীকরণ – এই লিফলেটের তথ্যগুলো দেওয়া হয়েছে কেবলমাত্র সহায়তার জন্য এবং এটি কোন অবস্থাতেই যোগ্যতাসম্পন্ন চিকিৎসকের দেওয়া প্রফেশনাল ক্লিনিকাল পরামর্শের বিকল্প নয়।

Reference No: 828

Publication date: July 2015 Review

Date: July 2017



carer and patient information group approved

Neuro Clinical Nurse Specialists For Head Injury

Providing support and information for
patients and families

Published May 2017 - Bengali Aug 17

আপনাকে এই লিফলেট দেওয়া হয়েছে নিউরো ক্লিনিক স্পেশালিষ্টদের ভূমিকা সম্পর্কে জানার জন্য কারণ আপনার মাথায় একটি আঘাত ছিল।

আমার ক্লিনিক নার্স স্পেশালিষ্ট কে?

আমার নার্স স্পেশালিষ্টগণ হলেনঃ আবাসিক রোগীর জন্য - Jo Simpson

অনাবাসিক রোগীর জন্য - Michelle East

আপনার ভূমিকা কি?

আমরা এখানে এসেছি আপনাকে এবং আপনার নিকটবর্তীদের সহায়তা, পরামর্শ এবং তথ্য সরবরাহ করতে। আপনার চিকিৎসার জন্য যদি আপনার কোন চিন্তা বা জিজ্ঞাসা থাকে তবে আমরা আপনার বা আপনার পরিবারের সাথে যোগাযোগের জন্য এখানে একটি মুখ্য ব্যক্তি হিসেবে আছি। আঘাতের প্রকৃতি বিবেচনা করে সহায়তা প্রদানের মাধ্যমে আমরা আপনার উদ্বেগ কমাতে সাহায্য করি, সম্ভাব্য আচরণগত পরিবর্তনের কথা আলোচনা করি যা মাথায় আঘাত পাওয়ার পরে হতে পারে। নিম্নোক্ত বিষয়গুলোতে প্রশ্ন এবং জিজ্ঞাসা থাকতে পারেঃ

- রোগ নির্ণয়
- চিকিৎসা
- ডিসচার্জ পরিকল্পনা
- আর্থিক সংস্থান

ডিসচার্জের পরে সহায়তা

আমরা মাল্টি-ডিসিপ্লিনারি টিমের((ডাক্তার, নিউরো-সাইকোলজিস্ট, ফিজিওথেরাপিস্ট ও পেশাদার থেরাপিস্ট সহ) সকল সদস্যদের সাথে খুব ঘনিষ্ঠভাবে কাজ করি যাতে প্রত্যেক স্বতন্ত্র রোগীর জন্য একটি পরিকল্পিত সেবা এবং ডিসচার্জের ব্যবস্থা নিশ্চিত করা যায়, এছাড়াও আপনি বর্তমান এবং ভবিষ্যতে কি আশা করতে পারেন সে বিষয়ে পরিকল্পনা করে বুঝতেও সাহায্য করা হয়।

আমরা কিভাবে আপনার সাথে যোগাযোগ করতে পারি?

আমরা রয়েল সাসেক্স কাউন্টি হসপিটালে কাজ করি , যদিও, বর্তমানে আমাদের নার্স-নেতৃত্বাধীন ক্লিনিক হারস্টউড পার্ক, হেরার্ড হিথে অবস্থিত। আমরা উভয়েই পার্ট টাইম কাজ করি এবং আমাদের স্বাভাবিক কাজের দিন মঙ্গলবার, বুধবার এবং বৃহস্পতিবার থাকে, কিন্তু এটি কখনও কখনও পরিবর্তন করতে পারে।

আপনি আমাদের সাথে টেলিফোন, মোবাইল বা ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।

টেলিফোন: 01273 523488 or 01273 523487
মোবাইল: 07788398227 (কাজ চলাকালীন সময়ে)
ইমেইল: joanne.m.simpson@bsuh.nhs.uk
michelle.east@bsuh.nhs.uk
head.injury@bsuh.nhs.uk

আমরা হয়ত একই দিনে আপনার সাথে যোগাযোগ করতে সক্ষম নাও হতে পারি, কিন্তু আমাদের লক্ষ্য থাকবে যত দ্রুত সম্ভব আপনার কল বা ইমেইল এর জবাব দেওয়া। বার্তা পাঠানো সময়, আপনার পুরো নাম এবং জন্ম তারিখ উল্লেখ করলে তা খুবই সহায়ক হবে।

আমার স্পেশালিষ্ট নার্স কি সবসময় আমি রিং দেওয়ার সাথে সাথে ফোন রিসিভ করবে?

আপনার টেলিফোন কলের উত্তর সাথে সাথে দেওয়ার জন্য স্পেশালিষ্ট নার্সের তাদের ডেস্কে থাকা অনেকক্ষেত্রে সম্ভব হয় না। তারা সম্ভবত ক্লিনিকে বা কোন ওয়ার্ডে রোগীদের বা তাদের আত্মীয়দের সাথে দেখা করতে থাকতে পারে। তাদের টিচিং প্রতিশ্রুতিও আছে যার জন্য তারা অন্য কোন জায়গায় ব্যস্ত থাকতে পারে। আপনার নার্স তাদের কাজের ঘন্টা সম্পর্কে আপনাকে পরামর্শ দেবে।